গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
www.bba.gov.bd

নম্বর ৫০.০১.০০০০.১০৩.১৬.০০১.২০.৪৯৭

তারিখ: ৯ ভাদ্র ১৪২৮
২৪ আগস্ট ২০২১

সভার নোটিশ

বিষয়: **অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অবহিতকরণ সভা।**

আগামী ৩১.০৮.২০২১ তারিখ মঙ্গলবার সকাল ১০:৩০ টায় সেতু বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে উরদিঘী উচ্চ বিদ্যালয়, মরিচখালী, করিমগঞ্জ, কিশোরগঞ্জে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৪-৮-২০২১
শরীফ মোহাম্মদ রেজাউল করিম
উপপরিচালক
ফোন: ০২৫৫০৪০৩৩২
ফ্যাক্স: ০২৫৫০৪০৪৪৪
ইমেইল: info@bba.gov.bd

মোঃ রেজাউল হায়দার
পরিচালক (প্রশাসন)
ও
এডিপিএ টিম লিডার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২) পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৩) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৪) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৫) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৬) সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (নদী শাসন) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (অংশীজনদের অবহিত করার অনুরোধসহ)
৮) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১০) সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা

# অংশীজনের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবু বকর ছিদ্দীক<br>নির্বাহী পরিচালক |
| সভার তারিখ | ৩১ আগস্ট ২০২১ |
| সভার সময় | সকাল ১০:৩০ টা |
| স্থান | উরদিঘী উচ্চ বিদ্যালয়, মরিচখালী, করিমগঞ্জ, কিশোরগঞ্জ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং সকলকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ জানান। পরিচিতি পর্বের পর তিনি সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ এবং অংশীজনের সমন্বয়ে অদ্যকার মরিচখালী-মিঠামইন এলিভেটেড রোড নির্মাণে ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসনের বিষয়ে অংশীজনের বিদ্যমান অভিযোগ এবং সেগুলো সমাধানে করণীয়সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি বিষয়ে উপস্থাপনের জন্য অতিরিক্ত পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মনিরুল আলম কে অনুরোধ করেন।

অতিরিক্ত পরিচালক (প্রশাসন) সভায় হাওর এলাকার উক্ত প্রকল্প বাস্তবায়নে পরামর্শক প্রতিষ্ঠান বুয়েট কর্তৃক Draft LAP/RAP প্রস্তুত করা হয়েছে বলে জানান এবং তা বাস্তবায়নে অংশীজনের মতামতের গুরুত্ব তুলে ধরেন।

তিনি ভূমি অধিগ্রহণকালে জমির মালিকদের পূর্ব থেকে জমির রেকর্ড, এনআইডি কার্ড ইত্যাদি হালনাগাদকরণ এবং দেওয়ানী আদালত কর্তৃক মামলা নিষ্পত্তিকরণসহ যাবতীয় কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে মিঠামইন সদর ইউনিয়নের চেয়ারম্যান, জনাব শরীফ কামাল জানান, জমির সঠিক মূল্য নির্ধারণে বাস্তবের সাথে জমির মূল্যে পার্থক্য থাকে। গরীব মানুষ যেন সঠিক বাজারদর অনুসারে জমির মূল্য পায় তা খেয়াল রাখার অনুরোধ জানান। উড়াল সেতু বিষয়ে নিকলি উপজেলার ধামপাড়া ইউনিয়নের চেয়ারম্যান জনাব আবু তাহের এবং নিকলি উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যান জনাব এ,এম রুহুল কুদ্দুস ভূইয়া পর্যটন বিকাশে এবং কৃষি অর্থনৈতিক উন্নয়নে এই উড়াল সড়ক গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়া স্থানীয়দের মধ্যে জনাব আনোয়ার হোসেন মোল্লা, নাজমুল সাকিব ইউপি চেয়ারম্যান, গুনধর ইউনিয়ন, করিমগঞ্জ জানান, আমাদের সৌভাগ্য এ সেতু আমাদের মরিচখালির উপর দিয়ে যাবে। জমির মূল্যের ক্ষেত্রে বর্তমান মূল্য বিবেচনা করা হবে। ভাটি গাঙ্গাটিয়া গ্রামকে যেন এ প্রকল্পের সাথে সংযোগ করা হয় তা বিশেষ ভাবে অনুরোধ জানান।

সভাপতি অবহিত করেন, অধিগ্রহণে দূর্নীতি ও হয়রানি যেন না হয় সেদিকে বিশেষভাবে খেয়াল রাখতে হবে। এ উড়াল সড়ক এ এলাকার শিক্ষা, স্বাস্থ্য, দারিদ্য বিমোচনসহ সার্বিক অগ্রগতিতে ভূমিকা রাখবে। অধিগ্রহণ এবং পুনর্বাসন বিষয়ে অভিযোগ থাকলে তা প্রতিকারের ব্যবস্থা রয়েছে। এ বিষয়ে তাৎক্ষণিকভাবে প্রতিকারের ব্যবস্থা হিসেবে সেতু কর্তৃপক্ষের ওয়েব পোর্টালের সেবা বক্সকে আপডেট করে রাখা হয়েছে। প্রযোজ্য ক্ষেত্রে অভিযোগ দাখিল, অভিযোগের অবস্থা অনলাইনে পর্যবেক্ষণ ইত্যাদি অপশন অনুসারে সফটওয়্যারটি ব্যবহারের ব্যাপারে সভাপতি অংশীজনদের উৎসাহিত করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তঃ

ক) প্রকল্পের LAP/RAP বাস্তবায়নে অংশীজনের মতামত গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে। বাস্তবায়নেঃ প্রধান প্রকৌশলী, বাসেক

খ) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অভিযোগ প্রতিকার ব্যবস্থা ব্যবহারের বিষয়ে প্রকল্প এলাকায় ক্ষতিগ্রস্তসহ সাধারণ জনগণকে উৎসাহিত করতে হবে। বাস্তবায়নেঃ অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাসেক

গ) উড়াল সড়কের উপকারিতা তুলে ধরতে হবে এবং ক্ষতিগ্রস্তদের মাঝে বিরূপ ধারণা থাকলে প্রকৃত তথ্য তুলে ধরতে হবে। বাস্তবায়নেঃ অতিরিক্ত পরিচালক (পরিচালনা ও উন্নয়ন), বাসেক

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবু বকর ছিদ্দীক
নির্বাহী পরিচালক

স্মারক নম্বর: ৫০.০১.০০০০.১০৩.১৬.০০১.২০.৫৭৩

তারিখ: ৪ আশ্বিন ১৪২৮
১৯ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২) পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৩) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৪) পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৫) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৬) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৭) সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (নদী শাসন) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৯) নির্বাহী পরিচালকের একান্ত সচিব, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১০) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

শরীফ মোহাম্মদ রেজাউল করিম
উপপরিচালক